# নার্সিং শিক্ষা আধুনিকায়ন করা হবে : জিয়াউদ্দিন হায়দার

**নিজস্ব প্রতিবেদক**

৩০ জুলাই ২০২৬, ১২:০০ এএম




প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী ড. এসএম জিয়াউদ্দিন হায়দার বলেছেন, উন্নত বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে দেশের নার্সিং শিক্ষার কারিকুলাম সময়োপযোগী করে আধুনিকায়ন করা হবে। গতকাল সচিবালয়ে তার দপ্তরে ফিলিপাইন সফর শেষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। জিয়াউদ্দিন বলেন, নার্সিং শিক্ষার মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করতে ফিলিপাইনের সহায়তা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। একই সঙ্গে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) আর্থিক সহায়তায় বাংলাদেশ ও ফিলিপাইনের যৌথ উদ্যোগে ১৫০ মিলিয়ন মার্কিন ডলারের একটি বড় প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা করা হচ্ছে। দেশের ৭৩টি সরকারি নার্সিং কলেজ ও ইনস্টিটিউটে আধুনিক অডিও-ভিজ্যুয়াল ক্লাসরুমের পাশাপাশি উচ্চ প্রযুক্তির ‘স্কিলস ল্যাব’ এবং ‘সিমুলেশন ল্যাব’ স্থাপন করা হবে বলে জানান তিনি। জিয়াউদ্দিন বলেন, বর্তমানে দেশে

তিন বছরের ডিপ্লোমা নার্সিং কোর্স চালু আছে, যা বিশ্বের অনেক দেশে গ্রহণযোগ্য নয়। এই তিন বছরের ডিপ্লোমাধারীদের আধুনিক 'ব্রিজিং প্রোগ্রাম'-এর মাধ্যমে চার বছরের ব্যাচেলরস ডিগ্রিতে রূপান্তর করার পরিকল্পনা নেওয়া হচ্ছে।

ফিলিপাইন থেকে মাস্টার ট্রেইনার এনে দেশের নার্সিং ফ্যাকাল্টি ও শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হবে জানিয়ে প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী বলেন, চার বছরের ব্যাচেলরস কোর্স পরিচালনার জন্য নির্দিষ্ট ক্লাসরুম, জমি, অবকাঠামো, স্কিলস ল্যাব এবং উপযুক্ত শিক্ষকের প্রয়োজনীয় নীতিমালা শিগগিরই নির্ধারণ করা হবে।

তিনি বলেন, সরকারের লক্ষ্য আগামী ৩ থেকে ৫ বছরের মধ্যে দেশে প্রায় ১ কোটি কর্মসংস্থান সৃষ্টি করা, যার একটি বড় অংশ আসবে স্বাস্থ্য খাত থেকে (নার্স, মিডওয়াইফ ও মেডিক্যাল টেকনোলজিস্ট)। একই সঙ্গে সরকারি নিয়ম অমান্য করে গড়ে ওঠা বেসরকারি মেডিক্যাল ও নার্সিং কলেজগুলোর বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেবে সরকার।